



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩- ১০

তারিখঃ ২২ মে ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি-

বন্দুকযুদ্ধে নিহত হওয়ার ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের উদ্বেগ

২২ মে ২০১৮ তারিখ গণমাধ্যমে প্রকাশিত হয় যে, মাদকবিরোধী অভিযানে দেশের বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে মাদক ব্যবসায়ীদের 'বন্দুকযুদ্ধ' হয় এবং এতে ০৯ জন মাদক ব্যবসায়ী নিহত হয়েছেন ও আইন শৃঙ্খলা বাহিনীর কয়েকজন সদস্য আহত হয়েছে। জাতীয় মানবাধিকার কমিশন যে কোন বিচারবহির্ভূত হত্যাকে সমর্থন করে না এবং উক্ত ঘটনায় কমিশন উদ্বেগ প্রকাশ করছে।

কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, “মাদক একটি মরণ নেশা এবং জাতীয় শত্রু। জাতিকে সুন্দর ভবিষ্যৎ প্রজন্ম উপহার দেওয়ার জন্য দেশকে মাদকমুক্ত করার কোন বিকল্প নেই। মাদকের কবল থেকে দেশকে মুক্ত করার জন্য সরকারের পাশাপাশি সকলকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। তাই মাদক বিরোধী অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। তবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের মানবাধিকার ও দেশের প্রচলিত আইনের প্রতি লক্ষ্য রেখে এ অভিযান পরিচালনা করতে হবে। এ অভিযানে নিরপরাধ কেউ যেন ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে”।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ